দৈনিক ইনকিলাব

130

তারিখ ... MAR. 4 . 1999 ... ...
পৃষ্ঠা ২ কলাম ৭ ......

# ইসলামী শিক্ষা ধ্বংসের ষড়যন্ত্র রুখতে ৮ মার্চ পল্টন ময়দানে সমাবেশ

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** দেশবরেণ্য উলামা-মাশায়েখ কর্তৃক ঢাকার ঐতিহাসিক পল্টন ময়দানে আহূত ৮ মার্চের সমাবেশ সফল করার জন্য গতকাল (বুধবার) ঢাকায় মহানগর মাদ্রাসাসমূহের এক বৈঠক অনুষ্ঠিত হয়। এ বৈঠকে. সভাপতিত্ব করেন জামেউল উলুম মাদ্রসার প্রিন্সিপাল মওলানা আলী আজগর।

আলোচনায় অংশগ্রহণ করেন মাওলানা ফজলুল হক আমিনী, প্রিন্সিপাল, জামেয়া কুরআনীয়া লালবাগ; মাওলানা মুফতী মনসূরুল হক, ভাইস প্রিন্সিপাল, জামেয়া রহমানিয়া; মাওলানা আবদুল কুদ্দুস, প্রিন্সিপাল, ফরিদাবাদ মাদ্রাসা; মাওলানা ইসহাক ফরিদী, প্রিন্সিপাল, চৌধুরীপাড়া মাদ্রাসা; মাওলানা আবুল ফাতাহ, ভাইস প্রিন্সিপাল, মালীবাগ জামেয়া; মাওলানা সালমান, প্রিন্সিপাল, দারুররাশাদ মাদ্রাসা; মাওলানা নূরুল ইসলাম, প্রিন্সিপাল, মাদ্রাসা মাখজানুল উলুম; মাওলানা মুস্তফা আজাদ, প্রিন্সিপাল, আরজাবাদ মাদ্রাসা; মাওঃ ইমদাদুল ইসলাম, মোহতামেম, জামেয়া কুরআন; মাওলানা আহমাদ আলী, দারুল উলুম মতিঝিল; মাওলানা মুফতী এনামুল, ইসলামিক রিসার্চ সেন্টার, বসুন্ধরা; মাওলানা নে'মাতুল্লাহ, বড় কাটারা মাদ্রাসা; মাওলানা আঃ হাই, ভাইস প্রিন্সিপাল জামেয়া নূরিয়া টংগী; মাওলানা শহীদুল্লাহ মোহতামেম, মাদ্রাসা আফতাবু পল্লবী; হাফেজ আখতার ছওতুল হেরা, পল্লবী; মাওলানা ফজলুল করীম, দারুল উলুম মিরপুর; মাওলানা রফিক আহমাদ মহল্লী, সিনিয়র মুহাদ্দিস জামেয়া নূরিয়া, টংগী; মাওলানা ইলিয়াস, প্রিন্সিপাল, বড় কাটারা মাদ্রাসা; মাওলানা গিয়াসুদ্দীন,

১৫-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## পল্টন ময়দানে সমাবেশ

প্রথম পৃষ্ঠার পর

প্রিন্সিপাল, মধ্যবাড্ডা মাদ্রাসা; মাওলানা হোসাইন আহমদ মোহতামেম, জোয়ারসাহারা মাদ্রাসা; মাওলানা রূহুল আমীন খান, যুগ্ম সম্পাদক, জমিয়াতুল মুদাররেছীন; মাওলানা সিরাজুল ইসলাম, প্রিন্সিপাল, মিছবাহুল উলুম মাদ্রাসা; মাওলানা শামসুল আলম; মাওলানা জয়নুল আবেদীন, প্রিন্সিপাল, তামীরুল মীল্লাত; মাওলানা আবুল কালাম, জামেয়া মুহাম্মাদিয়া; মাওলানা আঃ রজ্জাক, শিক্ষক, চৌধুরীপাড়া মাদ্রাসা; মাওলানা জসিমুদ্দীন, জামেয়া কুরআনিয়া লালবাগ; হাফেজ আতাউর রহমান আতিকী, নূরিয়া আজাদিয়া মাদ্রাসা, ডেমরা; মাওলানা মুদ্দাসির আহমাদ, মতিঝিল জামেয়া দ্বিনীয়া; মাওলানা আঃ রউফ, মোহতামেম, লালমাটিয়া মাদ্রাসা; মুফতী আঃ মালেক, মারকাজুল দাওয়াতুল ইসলামিয়া, মুহাম্মদপুর; মুফতী গোলাম মোস্তফা, মোহতামেম, দারুস সুন্নাহ; মাওলানা ফজলুল করীম কাসেমী, মিরপুর-১৩, ঢাকা; মাওলানা আঃ রহমান, ইমাম, মসজিদ; মাওলানা ইমরান মাজহারী, মোহতামেম, ইসলামবাগ মাদ্রাসা; শেখ মুজিবুর, ইসলামবাগ; মাওলানা মসউদ, মোহতামেম, দারুল উলুম চেরাগ আলী মার্কেট, টংগী; মাওলানা সোলায়মান নো'মানী, মুহাদ্দিস, আজিমপুর মাদ্রাসা ,ঢাকা। মাওলানা ইমদাদ মোহতামেম, জামানুল কুরআন, সূত্রাপুর, মাওলানা কিরামত আলী খতিব, টংগী ভরান জামে মসজিদ; মাওলানা রফিকুল ইসলাম, মোহতামেম মেরাজনগর মাদ্রাসা ডেমরা; মাওলানা তাজুল ইসলাম, নায়েবে মোহতামেম, ডগাইর ইসলামিয়া মাদ্রাসা; মাওলানা সানাউল্লাহ, মোহতামেম তারবে মাদ্রাসা, মাওলানা আঃ কুদ্দুস, প্রিন্সিপাল মীরপুর মহিলা মাদ্রাসা, মাওলানা আব্দুর রহমান, প্রিন্সিপাল ছনটেক মহিলা মাদ্রাসা, মাওলানা মুফতী ফয়জুল্লাহ প্রিন্সিপাল, গোলাপবাগ মহিলা মাদ্রাসা, বিলায়েত হোসেন আল ফিরোজী, আইডিয়াল বালিকা মাদ্রাসা।

বক্তারা বলেন যে, বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মুসলিম দেশ বাংলাদেশ এখন জনকল্যাণের ধ্বজাধারী এনজিও নামধারী নব্য ইস্ট ইন্ডিয়া কোম্পানী এবং ইসলামবিদ্বেষী বুদ্ধিজীবী পরিচয় দানকারী নাস্তিক মুরতাদদের ষড়যন্ত্রের শিকার হয়েছে। মুরতাদরা অযোগ্য সরকারের ঘাড়ে সওয়ার হয়ে ইসলাম ও ইসলামী শিক্ষা ধ্বংসের ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। তারা একদিকে শহরে শহরে নারী সমাবেশের মাধ্যমে বেলেল্লাপনা ছড়িয়ে দিয়ে যুবকদের চরিত্র হননের পথ প্রশস্ত করছে, অপরদিকে ইসলামী শিক্ষা বিস্তারের কেন্দ্র মাদ্রাসাসমূহ ধ্বংসের নীল নকশা প্রণয়ন করে ঠাণ্ডা মাথায় আঘাত হেনে চলেছে ইসলামী মূল্যবোধকে। মাদ্রাসার নিরীহ ছাত্র শিক্ষকদেরকে সমাজের সামনে নিন্দিত ও হেয়প্রতিপন্ন করার হীন উদ্দেশ্যে কখনো হরকাতুল জিহাদ, কখনো উসামা বিন লাদেন, কখনো কবি শামসুর রাহমান হত্যার নাটক অভিনয় করে চলেছে। ধর্মীয় শিক্ষার পথ রুদ্ধ করার লক্ষ্যে কুরআনী শিক্ষার প্রশিক্ষণ কেন্দ্রগুলোকে অস্ত্র প্রশিক্ষণ কেন্দ্রের অপবাদ দিয়ে মিথ্যা সংবাদ ও প্রতিবেদন প্রচার করছে। আফ্রিকার নাগরিক শিক্ষানুরাগী দানবীর মাওলানা আহমাদ সাহেব এদেশে ধর্মীয় শিক্ষা দান এবং নিরক্ষরতা দূরীকরণ প্রকল্প নিয়ে এগিয়ে এসে পাঁচশ' কুরআনিয়া মক্তব কায়েম করেছেন। তাকে উসামা বিন লাদেনের সাথে সম্পর্কিত করে মিথ্যা অভিযোগে গ্রেফতার করে নির্যাতন করা হয়েছে এবং জেলে আবদ্ধ করে রাখা হয়েছে।

এসব নির্মম জুলুম নির্যাতনের প্রতিবাদে দেশবরেণ্য উলামা মাশায়েখগণ ঢাকায় জাতীয় সমাবেশ আহবান করেছেন।